

## বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন

### বিটিএমসি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে উত্তম চর্চা সংক্রান্ত প্রতিবেদনঃ

১।	বিটিএমসিতে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের সন্তানদের শিক্ষাভাতা/বৃত্তি প্রদানের ব্যবস্থা চালু রয়েছে;
২।	২০০৩ সাল হতে কর্মকর্তা-কর্মচারীদের পিআরএল শুরুর ০১ (এক) বছর পূর্বে ছাড়পত্র প্রদান করা হচ্ছে। এছাড়াও Online/SMS এর মাধ্যমে পিআরএল সংক্রান্ত তথ্যাদি সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদেরকে অবহিত করা হচ্ছে;
৩।	২০১২ সাল হতে বিটিএমসি'র গুরুত্বপূর্ণ মামলাসমূহ বিজ্ঞ প্যানেল আইনজীবীদেরকে প্যাকেজ ফি এর ভিত্তিতে নিষ্পত্তি পর্যন্ত নির্ধারিত টাকায় পরিচালনার জন্য নিয়োগ দেয়া হচ্ছে। ফলে কম সময়ে ও কম খরচে প্যাকেজ ভিত্তিক মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে। পূর্বে প্রতি হাজারি ভিত্তিক ফি প্রদান করা হতো যার ফলে আইনী বিলও বেশি হতো অপরদিকে তা সময় সাপেক্ষ ছিল;
৪।	২০১৪ সাল হতে বিটিএমসি'র নিয়োগকৃত বিজ্ঞ প্যানেল আইনজীবী ছাড়াও বিশেষ গুরুত্বপূর্ণ মামলায় বিজ্ঞ এ্যাটর্নী জেনারেলসহ সনামধন্য আইনজীবীদের দ্বারা প্রতিদ্বন্দ্বিতা করে মামলার রায় সরকারের পক্ষে আনা সম্ভব হচ্ছে;
৫।	বিটিএমসিতে প্রতি বছর কর্মকর্তা-কর্মচারীদেরকে সততা ও ভাল কাজের প্রণোদনা/পুরস্কার প্রদানের কার্যক্রম চলমান আছে;
৬।	APA-এর আবশ্যিক কর্ম-পরিকল্পনা অনুযায়ী পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে সতর্কতা অবলম্বনসহ বিটিএমসি'র কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে Roster Duty চলমান রয়েছে;
৭।	সেবা সহজীকরণের অংশ হিসেবে বিটিএমসি ভবনের নীচ তলায় প্রতিবন্ধীদের জন্য নিঃশর্ত টয়লেট সুবিধা প্রদান এবং প্রতিবন্ধীদের উঠার জন্য আলাদা সিঁড়ির ব্যবস্থা রাখা হয়েছে;
৮।	দক্ষতা উন্নয়নের জন্য কর্মকর্তা-কর্মচারীদের অভ্যন্তরীণ ও বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া হচ্ছে;
৯।	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো অনুযায়ী প্রতি ত্রৈমাসিক সভার প্রতিবেদন বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে নিয়মিত প্রেরণ করা হচ্ছে।
১০।	ডিজিটলাইজেন বাস্তবায়নের লক্ষ্যে বিটিএমসি প্রধান কার্যালয়ের ২টি প্রবেশদ্বারসহ ৩৩টি সিসিটিভি ক্যামেরা স্থাপন, ওয়ান স্টপ সার্ভিস সেবা চালু এবং ই-গভর্নেন্স ব্যবস্থা বাস্তবায়নের লক্ষ্যে ই-টেন্ডারিং পদ্ধতি চালু রয়েছে। এছাড়াও প্রতিমাসে কমপক্ষে ৮৫-৯০% নথি ই-ফাইলিং এর মাধ্যমে নিষ্পত্তি করা হয়;
১১।	বায়োমেট্রিক পদ্ধতিতে ডিজিটাল হাজারি গ্রহণ কার্যক্রম চলমান রয়েছে;
১২।	বিটিএমসি সম্পর্কিত তথ্যাদিসহ অন্যান্য কার্যক্রম সকলকে অবহিতকরণের জন্য ডিজিটাল নোটিশ বোর্ড স্থাপন করা হয়েছে;